## তৃতীয় অংশ

## সিলিণ্ডারে এলপিজি মজুদ

৮৯। **সিলিণ্ডারে এলপিজি মজুদ।**—এই বিধিমালার বিধান ও লাইসেন্সের শর্তাবলী অনুসরণ ব্যতীত এবং বিনা লাইসেন্সে কোন ব্যক্তি এলপিজিপূর্ণ সিলিণ্ডার মজুদ করিতে পারিবে না ঃ

তবে শর্ত থাকে যে, কোন স্থানে মোট গ্যাস মজুদের পরিমাণ অনধিক ১২৫ (একশত পঁচিশ) কিলোগ্রাম হইলে সেইক্ষেত্রে লাইসেন্সের প্রয়োজন হইবে না।

৯০। **এলপিজিপূর্ণ সিলিণ্ডার মজুদে পালনীয় শর্তাবলী।**—(১) এলপিজি সিলিণ্ডার মজুদাগারের লে-আউট নকশায় এমন ধরণের ব্যবস্থা রাখিতে হইবে যাহাতে মজুদাগার হইতে অতিসহজে জরুরী অবস্থায় অতিদ্রুত সিলিণ্ডার অপসারণ করা যায় এবং লাইসেন্সের শর্তাবলী অনুসারে নিরাপত্তা দূরত্ব বজায় রাখা যায়।

(২) অতি প্রজ্জ্বলনীয় অথবা ক্ষয়কারী কোন বস্তুর সান্নিধ্যে এলপিজি সিলিণ্ডার রাখা যাইবে না।

(৩) মজুদাগারের বাহিরে সিলিণ্ডার মজুদ করা হইলে —

(ক) উহা পরিষ্কার ও শুষ্ক সমতল স্থানে খাড়াভাবে রাখিতে হইবে;

(খ) অননুমোদিত ব্যক্তির প্রবেশাধিকার প্রতিরোধ করিতে হইবে;

(গ) যানবাহন দ্বারা আকস্মিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়া প্রতিরোধের ব্যবস্থা করিতে হইবে।

(৪) মেঝেতে পর্যাপ্ত ভেন্টিলেটরের ব্যবস্থা সম্বলিত কোন মজুদারে এলপিজিপূর্ণ সিলিণ্ডার মজুদ করিতে হইবে।

(৫) ভবনের মাটির নীচে নর্দমা, গর্ত ইত্যাদি জায়গায় যেখানে গ্যাস জমা হইতে পারে সেইস্থান হইতে দূরে ভূ-তল বা ইহার উপরের স্তরে গ্যাসপূর্ণ সিলিণ্ডার মজুদ করিতে হইবে।

(৬) কোন সিলিণ্ডারকে অত্যধিক তাপে রাখা যাইবে না।

(৭) মজুদাগারের ভিতরে এবং বাহিরে সহজলভ্য স্থানে পর্যাপ্ত পরিমাণে অগ্নিনির্বাপক যন্ত্র রাখিতে হইবে।

(৮) গ্যাসপূর্ণ সিলিণ্ডার মজুদের সময় উহাদের ভাল্‌ভ বন্ধ করিয়া রাখিতে হইবে; এমনকি খালি সিলিণ্ডারের ক্ষেত্রেও এই শর্ত প্রযোজ্য হইবে।

(৯) মজুদাগারে সিলিণ্ডারসমূহকে এমনভাবে সাজাইতে হইবে যাহাতে সকল সিলিণ্ডার পরিদর্শনের সময় নাগালের মধ্যে থাকে এবং অতি সহজেই কোন সিলিণ্ডারকে সরানো যায়।

(১০) সিলিণ্ডার এমনভাবে রাখিতে হইবে যাহাতে উহার সেফটি ভাল্‌ভ বাষ্পীয় অংশের সরাসরি সংযোগ অবস্থায় থাকে।

(১১) এলপিজিপূর্ণ সিলিণ্ডার মজুদ অথবা পরিবহনের সময় উহাতে ভাল্ব ক্যাপ বা প্লাগ ব্যবহার করিতে হইবে।

৯৫। **ভর্তির পূর্বে সিলিণ্ডার পর্যবেক্ষন/পরিদর্শন।**—(১)এলপিজি ভর্তির পূর্বে সকল সিলিণ্ডারে বায়ুকে এলপিজি বাষ্প দ্বারা প্রতিস্থাপিত করিয়া অপসারিত করিতে হইবে এবং বায়ু অপসারনের জন্য নাইট্রোজেন বা পানি ব্যবহার করা যাইবে।

(২) সিলিণ্ডারে এলপিজি ভর্তির পূর্বে সিলিণ্ডার যান্ত্রিক কারণে ক্ষতিগ্রস্ত এবং বাহ্যিক আঘাতের কারণে গর্ত বা ক্ষয়ের মাধ্যমে ক্ষতিগ্রস্ত হইয়াছে কি না তাহা সরেজমিনে পর্যবেক্ষণ করিতে হইবে এবং যে কোন অনিরাপদ সিলিণ্ডার বাতিল করিতে হইবে।

(৩) সরেজমিনে পর্যবেক্ষণের সময় সিলিণ্ডারের পর্যায়বৃত্ত পরীক্ষার সময় উপস্থিত কি না যাচাই এবং সিলিণ্ডার ভাল্বও পর্যবেক্ষণের আওতায় আনিতে হইবে।

৯৬। **ভর্তিকরণ পদ্ধতি।**—(১) সিলিণ্ডারে সঠিক মাত্রায় এলপিজি ভর্তি করিতে হইবে এবং অতিরিক্ত ভর্তি প্রতিরোধ ব্যবস্থা রাখিতে হইবে।

(২) ভর্তিকরণ ওজনে বা আয়তনের হিসাবে হইবে।

(৩) সিলিণ্ডারের সাথে স্থায়ীভাবে তরলের সীমা নির্দেশক গেজ সংযুক্ত থাকিলে সিলিণ্ডারকে আয়তন মাফিক ভর্তি করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিরাপত্তার প্রয়োজনকে ক্ষুন্ন না করিয়া কোন সিলিণ্ডারে নির্ধারিত ওজনমাত্রার এলপিজি ভর্তি করা যাইবে না।

(৪) সিলিণ্ডারের ভাল্ব হইতে সংযোগ অপসারণের পর খুব কম গ্যাস নির্গত হয় এমন পদ্ধতির পরিকল্পনা হইবে।

(৫) মুখ্য শীর্ষ ( header) ভর্তিকরণ পাইপ হইতে নির্গত প্রত্যেক শাখা পাইপ লাইনের শেষ প্রান্তে ভর্তিকরণ ইউনিটের পূর্বে সহজগম্য স্থানে বন্ধকরন ভাল্ব স্থাপন করিতে হইবে এবং ভর্তিকরণ মঞ্চে তরল সরবরাহ লাইনে একটি অনুমোদিত জুরুরী বন্ধকরণ ডিভাইস স্থাপন করিতে হইবে।

৯৭। **ভর্তির নির্ধারিত মাত্রা।**—ব্রিটিশ ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন নং বিএস ৫৩৫৫ এ নির্ধারিত ভর্তিকরণ অনুপাতের অতিরিক্ত এলপিজি কোন পাত্রে ভর্তি করা যাইবে না।

(২) সিলিণ্ডারে এলপিজি ভর্তির সর্বোচ্চ পরিমান এমন হইবে না যাহাতে পরিবহন বা ব্যবহারের সময় ৬৫ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় সম্প্রসারণের ফলে অভ্যন্তরীণ তরল সিলিণ্ডারের ধারণ ক্ষমতার ৯৭% এর বেশী স্থান অধিকার করে।

৯৮। **এক সিলিণ্ডার হইতে অন্য সিলিণ্ডারে গ্যাস ভর্তি নিষিদ্ধ।**—কোন ব্যক্তি বিক্রয় বা বিতরনের উদ্দেশ্যে পাম্প ব্যবহার ব্যতীত সিলিণ্ডারের বৈষম্যমূলক চাপের সাহায্যে আস্রাবণ পদ্ধতিতে এক সিলিণ্ডার হইতে অন্য সিলিণ্ডারে এলপিজি স্থানান্তর করিতে পারিবেন না।

৯৯। **ভর্তিকরণের পর পরিদর্শন।**—সিলিণ্ডারে গ্যাস ভর্তির পর প্রত্যেক সিলিণ্ডার ও ভাল্ব পরিদর্শন করিতে হইবে যাহাতে উহা ছিদ্রমুক্ত ও ব্যবহারের জন্য উপযুক্ত মর্মে নিশ্চিত হওয়া যায়।

১০০। **বৈদ্যুতিক সংযোগ।**—(১) সিলিণ্ডারে গ্যাস ভর্তি প্ল্যান্টের সকল বৈদ্যুতিক তার ও সরঞ্জামাদি বিস্ফোরণ নিরোধী হইতে হইবে।

(২) বিধি ৮৫, ৮৬, ৮৭ এবং ৮৮ তে প্রযোজ্য বিধানাবলী অনুসরণ করিতে হইবে।

এই মর্মে অঙ্গীকার করিতেছি যে,

(ক) বিধি ১২৪ অনুসারে প্রাধিকৃত যে কোন কর্মকর্তা চাহিবামাত্র মূল লাইসেন্স বা উহার প্রামাণিক অনুলিপি দেখাইতে বাধ্য থাকিব;

(খ) প্রস্তাবিত মজুদাগার/স্থাপনা/প্রাঙ্গণটি/পরিবহন যান, ইত্যাদি সংশ্লিষ্ট বিধিবিধান ও লাইসেন্সের শর্তাবলী সম্পর্কে সম্যক ধারণাসম্পন্ন একজন যোগ্য ব্যক্তির তত্ত্বাবধানে বিধি ৭ এ উল্লিখিত কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করিব;

(গ) বিধি ১২৭ এর বিধান অনুসরনের উদ্দেশ্যে প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এবং বিস্ফোরক পরিদর্শক এর টেলিফোন নম্বরসহ তাহাদের দপ্তরের পূর্ণ ঠিকানা লাইসেন্সকৃত মজুদাগার/প্রাঙ্গণ/স্থাপনা/পরিবহন যানে সংরক্ষণ করা হইবে।

তারিখ ঃ দরখাস্তকারীর নাম ও স্বাক্ষর

(৮) উপ-বিধি (৭)-এ উল্লিখিত প্রতিবেদন এবং অঙ্গীকারপত্র প্রাপ্তির পর লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট মজুদাগার/স্থাপনা/প্রাঙ্গণ/পরিবহণ যান পরিদর্শন করিবে এবং অনুমোদিত নকশা, প্রার্থিত লাইসেন্সের শর্তাবলী এবং সংশ্লিষ্ট বিধিবিধান অনুসারে নির্মাণ সম্পন্ন করা হইলে দরখাস্ত প্রাপ্তির পরবর্তী ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে নিম্নের টেবিলে উল্লিখিত বিষয় অনুযায়ী তফসিল ২ এর নির্ধারিত ফরমে প্রার্থিত লাইসেন্স মঞ্জুর করিবে, যথা ঃ—

টেবিল

| ক্রমিক নং | বিষয় | তফসিল ২ এর প্রযোজ্য ফরম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | এলপিজি আমদানির লাইসেন্সের জন্য আবেদন | 'গ' |
| (২) | স্থাপনায় এলপিজি মজুদ এবং মোটর যানের সাথে সংযুক্ত সিলিন্ডারে জ্বালানী হিসাবে অথবা হস্তান্তরযোগ্য সিলিন্ডারে এলপিজি ভর্তির লাইসেন্স | 'ঙ' |
| (৩) | এলপিজিপূর্ণ সিলিন্ডার অধিকারে রাখিবার লাইসেন্স | 'চ' |
| (৪) | জলপথে/স্থলপথে গ্যাসাধারে এলপিজি পরিবহনের জন্য লাইসেন্স | 'জ' ঃ |

তবে শর্ত থাকে যে, প্রাতি লাইসেন্স মঞ্জুর না করা হইলে কারণ উল্লেকপূর্বক উক্ত সময়সীমার মধ্যে তাহার দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইতে হইবে।

(৯) লাইসেন্স মঞ্জুরের প্রতিটি দরখাস্তের সহিত, সরকার কর্তৃক সময় সময় গেজেটে বিজ্ঞপ্তি মারফত নির্ধারিত ফি দাখিল করিতে হইবে।

